

এইচএসসি পরীক্ষা শুরু আজ

যুগান্তর রিপোর্ট

এইচএসসি ও সমমানের পরীক্ষা আজ শুরু হচ্ছে। এবারের এই পরীক্ষায় সারা দেশে প্রায় পৌনে ১১ লাখ শিক্ষার্থী অংশ নিচ্ছেন। সকাল ১০টায় দেশের বাইরের ৭টি কেন্দ্রসহ সারা দেশে একযোগে ওই পরীক্ষা শুরু হবে। আজ এইচএসসিতে বাংলা প্রথমপত্র, আলিমের কোরআন, মজিদ এবং কারিগরিতে বাংলা-২ বিষয়ের পরীক্ষা রয়েছে।

পরীক্ষাকে সামনে রেখে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রথমবারের মতো সন্দ্বলবার গুডেচ্ছা বিবৃতি দিয়েছেন। শিক্ষার্থীদের উদ্দেশে দেয়া এই বিবৃতিতে তিনি তাদের সফল ও সুন্দর পরীক্ষা কামনা করেন। পাশাপাশি হরতাল-অবরোধের মতো রাজনৈতিক পরীক্ষা : পৃষ্ঠা ১৪ : কলাম ৪

পরীক্ষা : এইচএসসি (১ম পৃষ্ঠার পর)

কর্মসূচির মধ্যেও পরীক্ষা চালিয়ে যাওয়ার যৌক্তিকতা তুলে ধরেন। তিনি তাদেরকে প্রশ্ন ফাঁসের গুজবের পেছনে না ছোটোর পরামর্শ দিয়ে বলেন, প্রশ্ন ফাঁস হবে না। এর আগে পরীক্ষা উপলক্ষে সোমবার দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে শিক্ষামন্ত্রী সুপ্র, সুন্দর, নিরাপদে ও আনন্দঘন পরিবেশে পরীক্ষা গ্রহণে বিএনপিসহ ২০ দলীয় জোট এবং দেশবাসীর সহায়তা কামনা করেন। কমপক্ষে পরীক্ষার দিনগুলো, হরতাল না দেয়ার জন্য ২০ দলীয় জোটের প্রতি আহ্বান জানানো হয়।

এবার ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসিসহ ডিআইবিএস (ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ), মাদ্রাসায় আলিম ও কারিগরি বোর্ডের অধীনে এইচএসসি ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা এবং ডিপ্লোমা-ইন-কমার্শ পরীক্ষা রয়েছে। এসব পরীক্ষায় সর্বমোট ১০ লাখ ৭৩ হাজার ৮৮৪ জন শিক্ষার্থী রয়েছে। গত বছর পরীক্ষার্থী ছিল ১১ লাখ ৪১ হাজার ৩৭৪ জন। এদের মধ্যে ছাত্র ৫ লাখ ৭০ হাজার ৯৯৩ ও ছাত্রী ৫ লাখ ২ হাজার ৮৯১ জন। মোট ২ হাজার ৪১৯টি কেন্দ্রের মাধ্যমে অনুষ্ঠিত হবে পরীক্ষা। দেশের বাইরে নতুন দু'টিসহ মোট ৭টি কেন্দ্রে ২৪১ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

ঘোষণা অনুযায়ী আজ তৃতীয় (দিখিত) পরীক্ষা শুরু হয়ে শেষ হবে ১১ জুন। ব্যবহারিক পরীক্ষা ১৩ জুন শুরু হয়ে শেষ হবে ২২ জুন।

নিয়ন্ত্রণ কক্ষ : পরীক্ষা উপলক্ষে বিভিন্ন বোর্ডে একটি করে এবং শিক্ষা মন্ত্রণালয়ে একটি 'নিয়ন্ত্রণ কক্ষ' খোলা হয়েছে। এ কক্ষ থেকে সার্বক্ষণিকভাবে সারা দেশের এইচএসসি ও সমমানের সব পরীক্ষা উদারকি করা হবে। এসব কেন্দ্রের প্রধান কাজ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের বিষয়ে কঠোর নজরদারি করা। মন্ত্রণালয় থেকে অনুরোধ করা হয়েছে, প্রশ্ন ফাঁসহ পরীক্ষার বিষয়ে যে কোনো অপরাধের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ১৭২২ নম্বর কক্ষে তথ্য জানাতে। নিয়ন্ত্রণ কক্ষের ফোন নম্বর ৯৫৪৯৩৯৬। মোবাইল নম্বর-০১৭৭৭-৭০৭৭০৫, ০১৭৭৭-৭০৭৭০৬।

শিক্ষামন্ত্রীর গুডেচ্ছা বিবৃতি : শিক্ষামন্ত্রী বলেন, সন্ধ্যা হরতালের মধ্যে পরীক্ষা চালিয়ে যাওয়ার যৌক্তিকতা তুলে ধরে এতে বলা হয়, তোমাদের ৩০ কর্মদিবসের পরীক্ষা শুধু গুরু-শনিবারে নিতে গেলে চার-পাঁচ মাস লেগে যাবে। সেটি সম্ভব নয়। পরীক্ষার্থী, অভিভাবক, শিক্ষকসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষের দাবি, মতামত ও পরামর্শের প্রতি সম্মান দেখিয়ে আমরা যে কোনো পরিস্থিতিতে রুটিনমাসিক পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছি। এর কোনো ব্যত্যয় হবে না। শুধু ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচনের কারণে ২৬, ২৭ ও ২৮ এপ্রিলের পরীক্ষাগুলো স্থগিত করেছি। নির্ধারিত সময়সীমার মধ্যেই পরীক্ষা গ্রহণ করা হবে।